গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।
www.bbagc.edu.bd

ফোন : ০২-২২৪৪২৩৩৪৯
ই-মেইল : bbacollege@gmail.com

তারিখ: ১৫/০১/২০২৬

## ২০২৫ সালের ডিগ্রী (পাস) বিএ/বিএসএস/বিবিএস প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অত্র কলেজে ২০২৫ সালের বিএ/বিবিএস/বিএসএস ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স (প্রাইভেট) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীগণ রেজিস্ট্রেশন করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েব সাইট (www.admissions.nu.ac.bd অথবা nu.ac.bd/admissions) থেকে আবেদন (ফরম সংগ্রহের সময় পাসপোর্ট সাইজের ছবি স্ক্যান করে আপলোড করতে হবে (ছবির মাপ 120X150 Pixele. Image type: jpg maximum file size: 50kb)। **রেজিস্ট্রেশন কার্যক্রম সরকারি ছুটির দিন ব্যতিত ১৮/০১/২০২৬ তারিখ থেকে ১৯/০২/২০২৬ তারিখ সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত চলবে**। ধার্যকৃত ফি কলেজ ক্যাশ কাউন্টার হতে ক্যাশিয়ারের স্বাক্ষরকৃত রশিদ সংগ্রহ করে উত্তরা ব্যাংক, চৌরাস্তা শাখায় টাকা জমা দিয়ে টাকা জমার রশিদ ও ফরম কলেজের ক্যাশ কাউন্টারে জমা দেওয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

### রেজিস্ট্রেশন ফি এর বিবরণ

| ক্রমিক নং | ফিসের বিবরণ | টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | রেজিস্ট্রেশন ফি | ৭২০.০০ | |
| ০২ | আবেদন ফি | ৪০০.০০ | |
| ০৩ | ব্যবস্থাপনা ফি | ৫০.০০ | |
| ০৪ | বিবিধ | ১০০.০০ | |
| ০৫ | ইনকোর্স ফি | ৩০০.০০ | |
| | সর্বমোট = | ১,৫৭০.০০ | |

**কথায় : এক হাজার পাঁচশত সত্তর টাকা মাত্র।**

**** স্নাতক (পাস) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা :**

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা যে সকল বিষয় নিয়ে স্নাতক (পাস) /স্নাতক (সম্মান) পরীক্ষায় কৃতকার্য হয়েছে, সে সকল বিষয় ছাড়া নিম্নবর্ণিত যে কোন একটি বিষয়ে নিয়ে স্নাতক (পাস) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

খ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য অনুমোদিত বিষয়সমূহ: বাংলা (ঐচ্ছিক), ইংরেজী (ঐচ্ছিক), দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা। উল্লিখিত বিষয়সমূহ সংশ্লিষ্ট কলেজে স্নাতক (পাস) পর্যায়ে অধিভুক্ত বিষয় হিসাবে থাকতে হবে।

গ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।

ঘ) সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীরা ২০২৫ সালের স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষার্থীদের সঙ্গে একই কোর্স ও কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

### ভর্তিচ্ছু কোর্স সমূহ

**বিএ ঃ**

১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস
২) বাংলা (জাতীয় ভাষা)
৩) ইংরেজি
৪) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
৫) দর্শন
৬) অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজবিজ্ঞান (যে কোন একটি)

**বিএসএস ঃ**

১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস
২) বাংলা (জাতীয় ভাষা)
৩) ইংরেজি
৪) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/দর্শন (যে কোন একটি)
৫) অর্থনীতি/রাষ্ট্রবিজ্ঞান/সমাজবিজ্ঞান (যে কোন দু'টি)

**বিবিএস ঃ**

১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস
২) বাংলা (জাতীয় ভাষা)
৩) ইংরেজি
৪) হিসাববিজ্ঞান
৫) ব্যবস্থাপনা
৬) অর্থনীতি

**সার্টিফিকেট কোর্স ঃ**

বাংলা, ইংরেজি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা।

**** প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে :**

ক) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লেখিত সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।

খ) সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্টকর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষার অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।

গ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে।

**বি:দ্র:** রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে কোন সত্য গোপন করলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে এবং কলেজ কর্তৃপক্ষ কোন প্রকার দায়ভার গ্রহণ করবে না।

15.01.26
অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর

অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ



CS Scanned with CamScanner